# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2015**
**SECOND YEAR**
**BENGALI (Honours)**

Date : 15/12/2015
Time : 11 am – 3 pm
Paper : III
Full Marks : 86

প্রতিটি বিভাগের জন্য পৃথক পৃথক উত্তরপত্রের ব্যবহার আবশ্যিক। বিভাগ-'খ' -এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রে লিখতে হবে। পরীক্ষা-পরিদর্শক পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পর বিভাগ-'খ' -র উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

<u>বিভাগ - ক</u>

১। ''কিন্তু একজন পুরাতনপন্থী সংস্কৃতজ্ঞ ব্রাহ্মণপণ্ডিত এই যুগে এমন কয়েকখানি নাটক ও প্রহসন লিখেছিলেন যার সাহিত্যমূল্য যেমন হোক, অভিনয়ে এগুলি যথেষ্ট জনপ্রিয়তা লাভ করেছিল।" — উনিশ শতকের নাটককার রামনারায়ণ তর্করত্ন-র রচনাগুলির 'সাহিত্যমূল্য' বাংলা নাটকসাহিত্যের ইতিহাসে স্মরণীয় হতে পারে কি? বিশ্লেষণ করো। (১১)

<u>অথবা</u>

দীনবন্ধু মিত্রের নাট্যপ্রতিভার বিশদ পরিচয় দাও। (১১)

২। যে কোন **<u>একটি</u>** নাটক সম্পর্কে আলোচনা করো ঃ (১ × ৪)
বুড় সালিকের ঘাড়ে রোঁ, অচলায়তন

৩। 'ঐতিহাসিক নাটক' রূপে দ্বিজেন্দ্রলালের 'সাজাহান' নাটকটি কতখানি সার্থক রচনা হয়ে উঠতে পেরেছে আলোচনা করো। (১১)

<u>অথবা</u>

'সাজাহান' নাটকের নারীচরিত্রগুলির মধ্যে নাটককার স্বাতন্ত্র্য ফুটিয়ে তুলতে পেরেছেন কি? আলোচনা করো। (১১)

৪। যে কোন **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)
ক) 'সংসার আমার কাছে একটা হাট।' — কে কার উদ্দেশে বলেছেন? বক্তার মানসিকতা ব্যাখ্যা করো। (১ + ২)
খ) 'আমি তোমায় এত ভালবাসি।' — কে, কার উদ্দেশে বলেছেন? বক্তার মানসিকতা ব্যাখ্যা করো। (১ + ২)

৫। 'ট্রাজেডি' হিসেবে 'কৃষ্ণকুমারী নাটক' কতখানি সার্থক হয়েছে বলে তুমি মনে করো? আলোচনা করো। (১১)

<u>অথবা</u>

'কৃষ্ণকুমারী নাটক' -এর সংলাপে নাটককার মধুসূদনের বিশিষ্টতার পরিচয় পাও কি? আলোচনা করো। (১১)

৬। যে কোন **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)
ক) 'এ জন্মে কাকেও মেয়ে মানুষ বলে অবহেলা করো না।' —কে, কাকে বলেছে? কেন বলেছে? (১ + ২)
খ) 'আরে, একালে কি নিতান্ত সরল হলে কাজ চলে।' —কার উক্তি? বক্তার মানসিকতা ব্যাখ্যা করো। (১ + ২)

৭। 'মধুসূদন বাঙ্গালায় নূতন কবিতার স্রষ্টা' —বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসের আলোচনায় এই সম্মান মধুসূদনের আদৌ প্রাপ্য কি? আলোচনা করো। (১১)

<u>অথবা</u>

বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে কবি নজরুল-এর অবদান সম্পর্কে আলোচনা করো। (১১)

৮। যে কোন **<u>একটি</u>** কাব্যগ্রন্থ সম্পর্কে আলোচনা করো ঃ (১ × ৪)
পলাশির যুদ্ধ, সারদামঙ্গল

৯। 'হে কবি, তোমার রচিত রাগিণী / আমি কি গাহিতে পারি।' — 'কবি' কে? তার স্বরূপ ব্যাখ্যা করো। (১১)

<u>অথবা</u>

'আফ্রিকা' কবিতায় রবীন্দ্রনাথের রাজনৈতিক ভাবনার যে প্রকাশ ঘটেছে সে প্রসঙ্গটি আলোচনা করো। (১১)

১০। যে কোন **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)
ক) 'পুলকিত নিশ্চলের অন্তরে অন্তরে / বেগের আবেগ।' — কোন্ কবিতার পংক্তি? 'বেগের আবেগ' কী? (১ + ২)
খ) 'তার ইতিহাসে লেপে দেবে / অনন্ত রাত্রির কালি।' — কোন্ কবিতার পংক্তি? 'অনন্ত রাত্রির কালি' — ব্যাখ্যা করো। (১ + ২)

১১। ‘যক্ষের নিবেদন’ কবিতায় কবির নিসর্গভাবনার কী পরিচয় পাওয়া যায় আলোচনা করো। (১১)

**<u>অথবা</u>**

‘হাট’ কবিতায় হাটের রূপকে কবির যে মনোভাব প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। (১১)

১২। যে কোন **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)

ক) ‘নবযুগে নাহি অবতার।’ — কোন্ কবিতার অংশ এবং কবি কে? কেন নবযুগে ‘অবতার’ নেই? (১ + ২)

খ) ‘নবীন মন্ত্রে দানিতে দীক্ষা আসিতেছে ফাল্গুনী’ — কোন্ কবিতার অংশ এবং কবি কে? ‘নবীন মন্ত্র’-র প্রয়োজন কেন? (১ + ২)

—————— × ——————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2015**

**SECOND YEAR**

Date : 15/12/2015 **BENGALI (Honours)**

Time : 25 mins Paper : III [MCQ] Full Marks : 14

Reg. No. : ______________________________ Admit Roll No. : ____________________

বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

**<u>বিভাগ - খ</u>**

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ (০.৫ × ২৮)

১। 'শশাঙ্ক' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?

ক) অ + অ  খ) অ + আ  গ) আ + অ  ঘ) আ + আ

২। 'আশ্চর্য' শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

ক) আঃ + চর্য  খ) আ + চর্য  গ) আঃ + চার্য  ঘ) আ + চার্য

৩। 'গিরি + ঈশ' -এর সন্ধিযুক্ত রূপ হল —

ক) গিরিশ  খ) গীরিশ  গ) গিরীশ  ঘ) গীরীশ

৪। 'অত্যাচার' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?

ক) ই + অ  খ) ই + আ  গ) ঈ + অ  ঘ) ঈ + আ

৫। 'নাবিক' শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

ক) নাব + ইক  খ) নৌ + ইক  গ) নৈ + বিক  ঘ) নৈ + ইক

৬। 'পশু + অধম' -এর সন্ধিযুক্ত রূপটি হল —

ক) পশ্যধম  খ) পশ্যাধম  গ) পশ্বাধম  ঘ) পশ্বধম

৭। 'হিতৈষণা' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?

ক) অ + এ  খ) আ + এ  গ) অ + ঐ  ঘ) আ + ঐ

৮। 'নিঃ + রব' -এর সন্ধিবদ্ধ রূপটি হল —

ক) নিরব  খ) নিঃরব  গ) নীরব  ঘ) নীঃরব

৯। 'পতঞ্জলি' শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

ক) পতম্ + জলি  খ) পতন্ + অঞ্জলি  গ) পতঃ + অঞ্জলি  ঘ) পতৎ + অঞ্জলি

১০। 'স্বাগত' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?

ক) উ + অ  খ) উ + আ  গ) ঊ + অ  ঘ) ঊ + আ

১১। 'প্রশংসা' শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

ক) প্রশম্ + সা  খ) প্রশং + সা  গ) প্রশন্ + সা  ঘ) প্রসম্ + শা

১২। 'বাক্ + ঈশ' -এর সন্ধিবদ্ধ রূপটি হল —

ক) বাগিশ  খ) বাগীশ  গ) বাগেশ  ঘ) বাকীশ

১৩। 'দুঃ + অবস্থা' -এর সন্ধিযুক্ত রূপটি হল —

ক) দূরবস্থা  খ) দূরাবস্থা  গ) দুরাবস্থা  ঘ) দুরবস্থা

১৪। 'উচ্ছৃঙ্খল' শব্দের সন্ধিবিচ্ছেদ হল —

ক) উৎ + শৃঙ্খল  খ) উচ্ + শৃঙ্খল  গ) উচ্ + ছৃঙ্খল  ঘ) উৎ + ছৃঙ্খল

১৫। ‘বিদ্বান্’ শব্দের স্ত্রীলিঙ্গ হল —

ক) বিদূষী খ) বিদুষী গ) বিদূষি ঘ) বিদুষি

১৬। ‘পক্ষী’ শব্দের স্ত্রীলিঙ্গ হল —

ক) পক্ষিনি খ) পক্ষিনী গ) পক্ষীণি ঘ) পক্ষিণী

১৭। ‘আয়া’ শব্দের পুংলিঙ্গ হল —

ক) চাকর খ) কিঙ্কর গ) খানসামা ঘ) সেবক

১৮। ‘অরণ্য’ শব্দের স্ত্রীলিঙ্গ হল —

ক) অরণ্যানি খ) অরণ্যানী গ) আরণ্যানি ঘ) আরণ্যানী

১৯। ‘নির্দোষ’ শব্দের স্ত্রীলিঙ্গ হল —

ক) নির্দোষী খ) নির্দোষিণী গ) নির্দোষীণি ঘ) নির্দোষা

২০। ‘রত্ন’ শব্দের বহুবচন হল —

ক) রত্নরাশি খ) রত্নরাজি গ) রত্নমালা ঘ) রত্নবৃন্দ

২১। ‘পর্বত’ শব্দের বহুবচন হল —

ক) পর্বতমালা খ) পর্বতগুলি গ) পর্বতসমূহ ঘ) পর্বতরাশি

২২। ‘দ্বীপ’ শব্দের বহুবচন হল —

ক) দ্বীপশ্রেণি খ) দ্বীপগুলি গ) দ্বীপমালা ঘ) দ্বীপপুঞ্জ

২৩। ‘মহিলা’ শব্দের বহুবচন হল —

ক) মহিলামহল খ) মহিলাপুঞ্জ গ) মহিলাগণ ঘ) মহিলারাজি

২৪। ‘ঘটনা’ শব্দের বহুবচন হল —

ক) ঘটনামালা খ) ঘটনাপুঞ্জ গ) ঘটনাবলি ঘ) ঘটনারাজি

২৫। ‘পিতা’ শব্দের পদান্তর হল —

ক) পৈত্রিক খ) পৈতৃক গ) পিতৃক ঘ) পিত্রিক

২৬। ‘শরীর’ শব্দের পদান্তর হল —

ক) শারিরিক খ) শারীরিক গ) শারিরীক ঘ) শারীরীক

২৭। ‘অন্তর্ধান’ শব্দের পদান্তর হল —

ক) অন্তর্ধৃত খ) অন্তহৃত গ) অন্তর্ধানিক ঘ) অন্তর্হিত

২৮। ‘পরস্পর’ শব্দের পদান্তর হল —

ক) পারস্পারিক খ) পরস্পারিক গ) পারস্পরিক ঘ) পারস্পরীক

—————— × ——————